



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

২০১৭

নং-বামাশিবো/প্রশা/রাজবাড়ী-৫২/ ২৬৫৭/৪

তারিখঃ ০৮/০৮/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠন প্রক্রিয়া সঠিক না হওয়ায় কেন তা বাতিল করা হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৯৪.০১৪.০০.০০৪.০০৮.২০১৭-৫৭৭; তারিখঃ ১৮/০৬/২০১৭ খ্রিঃ  
২) বামাশিবো/সংস্থাপন/রাজবাড়ী-৫২/২৫০৭/৪, তারিখঃ ০৪/০৬/২০১৭ খ্রিঃ  
৩) বামাশিবো/সংস্থাপন/রাজবাড়ী-৫২/২১৬৫/৪, তারিখঃ ২৩/০৩/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার রাজবাড়ী সদর উপজেলাধীন বাড়াইজুড়ি গরিবশাহ দাখিল মাদরাসার সুপারের বিরুদ্ধে দাতা সদস্যগণকে বাদ দিয়ে কমিটি গঠন করেছেন মর্মে দাতাগণের পক্ষে ডাঃ মোঃ এনামুল হক গত ১২/০২/২০১৭ খ্রিঃ তারিখে একখানা অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন। সেই প্রেক্ষিতে সূত্রস্থ পত্রের আলোকে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ২ ও ৩ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কে পত্র দেয়া হয়। আবারো গত ২৩/০৪/২০১৭ খ্রিঃ তারিখে জনাব মোঃ আনোয়ার হোসেন, অভিভাবক সদস্য, একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন (কপি সংযুক্ত)। অভিযোগপত্রে উক্ত মাদরাসার প্রতিষ্ঠাতা সদস্য ও স্বাধীনতা বিরোধী মানবতা অপরাধে জেল খাটা আসামী এবং সুপারের ভাই বি.এসসি শিক্ষক জনাব নাজমুল হকের বিষয়ে বিভিন্ন অনিয়মের কথা উল্লেখ রয়েছে। অভিযোগপত্রে স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব কাজী কেরামত আলী, রাজবাড়ী-১ ও সভাপতি, সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ এর সুপারিশ রয়েছে। উল্লেখ্য যে, স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব কাজী কেরামত আলী গত ০৫/০৩/২০১৭ খ্রিঃ তারিখে উক্ত মাদরাসার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য একটি ডি, ও লেটার প্রেরণ করেন।

উল্লিখিত বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, রাজবাড়ীকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রাজবাড়ী এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, প্রিজাইডিং অফিসার কর্তৃক দাতা সদস্যের মনোনয়ন বাতিল করা বিধি সম্মত হয়নি মর্মে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থ্য তদন্ত প্রতিবেদনের আলোকে মাদরাসার সুপার কর্তৃক দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠন প্রক্রিয়া সঠিক না হওয়ায় কেন তা বাতিল করা হবে না আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সুপার, বাড়াইজুড়ি গরিবশাহ দাখিল মাদরাসা।  
২) সভাপতি, প্রস্তাবিত ম্যানেজিং কমিটি, বাড়াইজুড়ি গরিবশাহ দাখিল মাদরাসা।

নং-বামাশিবো/প্রশা/রাজবাড়ী-৫২/ ২৬৫৭/৪

তারিখঃ ০৮/০৮/২০১৭ খ্রিঃ

### অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ✓ ১। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।  
২। জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী।  
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।  
৪। জনাব মোঃ আনোয়ার হোসেন, অভিভাবক, বাড়াইজুড়ী গরিবশাহ দাখিল মাদরাসা ও সদস্য, ৩ নং ওয়ার্ড, চন্দনী ইউ, পি, রাজবাড়ী।  
৫। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
৬। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬৭৪৮৭৪